

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

পরিবহন শাখা

নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০)

তারিখঃ ২৮ বৈশাখ, ১৪০৬
১১ মে, ১৯৯৯

অফিস স্মারক

বিষয়ঃ মন্ত্রণালয়/ বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/ সংযুক্ত দপ্তর/ পরিদপ্তরের মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা।

১১. কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতিঃ

১১.১ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলীঃ

১১.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বিবেচিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে মালিকানা দপ্তর নির্ধারিত ছকে (পরিশিষ্ট-গ) বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি)-এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করিবে।

১১.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করিয়া অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক হইলে অথবা ব্যবহারের অনুপযোগী হইলে সেইমর্মে প্রতিবেদন প্রদান করিবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিবে।

১১.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর মালিকানা দপ্তর প্রয়োজনীয় কাগজপত্রসহ উহা স্থায়ী মন্ত্রণালয়/ বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করিবে।

১১.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ইহার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরনের কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলিয়া ঘোষণা করিবে সে ধরনের কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে মালিকানা দপ্তর উপরের ১১.১.১, ১১.১.২, ১১.১.৩- এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করিয়া সরাসরি পরবর্তী ১১.৩.১ থেকে ১১.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিবে।

১১.২ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়কঃ

১১.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাইতেছে এমন সব কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি যাহা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হইয়া পড়িয়াছে।

১১.২.২ যে সকল কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রহিয়াছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুন যাহার উৎপাদন ও সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এইরূপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

১১.২.৩ মেরামত করিয়া এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করিয়া একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হইবে এইরূপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

১১.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হইয়াছে অথবা যাহার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটিয়াছে এইরূপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

১১.২.৫ হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করিতেছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হইতেছে না এইরূপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

১১.২.৬ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর =ন্যূনতম ৬ বছর) অতিবাহিত হইয়াছে এবং কার্যকরিতা ভিষণভাবে কমিয়া গিয়াছে এমন কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

১১.৩ অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়াঃ

১১.৩.১ মালিকানা দপ্তর অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করিবে ।

১১.৩.২ উহা যদি প্রদর্শনযোগ্য হয় তাহা হইলে প্রদর্শনের নিমিত্তে তাহা কোন সরকারী/আধা-সরকারী /স্বায়ত্তশাসিত যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাইবে । এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি মালিকানা দপ্তর সংরক্ষণ করিবে ।

১১.৩.৩ দেশের কোন সরকারী/আধা-সরকারী /স্বায়ত্তশাসিত-গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার / কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাইবে । এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি মালিকানা দপ্তর সংরক্ষণ করিবে ।

১১.৩.৪ অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে মালিকান্য দপ্তর স্বীয় মন্ত্রনালয় /বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে ।

১১.৩.৫ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন হইতে যদি প্রতীয়মান হয় যে,অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোন সংরক্ষিত মূল্য নাই তবে মালিকানা দপ্তর এইরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করিতে পারিবে ।

=====*****=====